

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮০৯

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮৪. মুস্তাহাযাহ (রক্ত প্রদরের রোগিণী)-এর গোসল সম্পর্কে

بَابٌ فِي غُسْلِ الْمُسْتَحَاضَةِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَقَ عَنْ سَعْدِ بْنِ إِبْرَاهِيمَ قَالَ إِنَّمَا جَاءَ اخْتِلَافُهُمْ أَنَّهُنَّ ثَلَاثَتَهُنَّ كُنَّ عِنْدَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ فَقَالَ بَعْضِهُمْ هِيَ أُمُّ حَبِيبَةَ وَقَالَ بَعْضُهُمْ هِيَ بَادِيَةُ وَقَالَ بَعْضُهُمْ هِيَ سَهْلَةُ بِنْتُ سُهَيْلٍ

إسناده صحيح

বাংলা

৮০৯. সা'দ ইবনু ইবরাহীম হতে বর্ণিত, তিনি বলেন: (সেই ইসতিহাযাগ্রস্ত মহিলার নাম সম্পর্কে) লোকদের মধ্যকার মতভেদ যে, তারা ছিল তিন মহিলা- এ সংক্রান্ত বিষয়টি আব্দুর রহমান ইবনু আউফ রাদ্বিয়াল্লাহু আনহু'র নিকট পৌঁছেছিলো। তাদের কেউ বললো: 'তিনি ছিলেন উম্মু হাবীবাহ।' আবার কেউ বললো: 'তিনি ছিলেন বাদিয়্যাহ।' আবার কেউ বললেন: 'তিনি ছিলেন সাহলাহ বিনতে সুহাইল।'[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: দেখুন, আগের টীকা দু'টি। এছাড়া উসদুল গাবাহ ৭/৩৪, ১৫৪-১৫৫, ২১৪; এবং হাদীস নং ৮০৩ (অনুবাদের ক্রমিক নং ৭৯৯) এর টীকাটি দেখুন। আরও দেখুন, আল ইসাবাহ ১১২, ১৫১-১৫২, ৩১৯-৩২০, ১৩/১৯২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সা'দ ইবন ইবরাহীম (রহঃ)



 ${\color{red} {\it 9}} \; {\sf Link-https://www.hadithbd.com/hadith/link/?id=76186}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন